

বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার নং-০১

ভাদ্র ১৯, ১৪৩০  
তারিখঃ-----  
সেপ্টেম্বর ০৩, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**সিএমএসএমই খাত সংশ্লিষ্ট বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও সুবিধা সম্পর্কে  
প্রান্তিক পর্যায়ে সচেতনতা বৃদ্ধিকল্পে ব্যাংকের শাখায় পোষ্টার স্থাপন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সিএমএসএমই খাত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নীতিসহায়তা, খাত ভিত্তিক প্রাক-অর্থায়ন ও পুনঃঅর্থায়ন তহবিল, ক্রেডিট গ্যারান্টি, প্রণোদনা ইত্যাদি নানাবিধ সুবিধা প্রদান করা হচ্ছে। প্রান্তিক উদ্যোক্তাগণ আর্থিকখাত সংশ্লিষ্ট এ সকল সুবিধা সম্পর্কে অবহিত হলে সিএমএসএমই খাতে অর্থায়ন ত্বরান্বিত হবে এবং আগ্রহী উদ্যোক্তাগণ উল্লিখিত সুবিধাসমূহ বিবেচনায় নিয়ে ব্যবসায় উদ্যোগ গ্রহণে সক্ষম হবেন।

০২। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও সুবিধা সম্পর্কে প্রান্তিক পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধিকল্পে একটি রঙ্গিন পোষ্টার প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। পোষ্টারটি ২৪ ইঞ্চি বাই ১৮ ইঞ্চি (২৪"X১৮") পরিমাপে প্রিন্ট করে অথবা অন্য কোন উপযুক্ত মাধ্যমে আপনাদের প্রতিষ্ঠানের প্রতিটি শাখা, উপশাখা ও এজেন্ট আউটলেটে সহজে গোচরীভূত হয় এমন স্থানে আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্থাপনপূর্বক অত্র ডিপার্টমেন্টকে অবহিত করতে হবে।

০৩। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ আশিকুর রহমান)  
পরিচালক (এসএমইএসপিডি)  
ফোনঃ ৯৫৩০৫০২

সংযুক্তি : ০১। সিএমএসএমই খাতে বাংলাদেশ ব্যাংকের বিশেষ সুবিধা সংক্রান্ত পোষ্টার নকশা।



# কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী (CMSME) উদ্যোগে বাংলাদেশ ব্যাংকের বিশেষ সুবিধাসমূহ !!!

→ ২৫০০০ কোটি টাকার তহবিল হতে সর্বোচ্চ ৭% হারে অর্থায়ন এবং ক্রেডিট গ্যারান্টি সুবিধা !  
(এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯/০৭/২০২২)

→ নতুন উদ্যোক্তাদের জন্য সর্বোচ্চ ৭% হারে অর্থায়ন !  
(এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯)

→ নারী উদ্যোক্তাদের জন্য সর্বোচ্চ ৫% হারে পুনঃঅর্থায়ন এবং ঋণ পরিশোধে ১% প্রণোদনা !  
(এসএমইএসপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১৭/০৮/২০২১)

→ উদ্ভাবনী, সৃজনশীল ও প্রযুক্তি সমৃদ্ধ Start up উদ্যোগের জন্য ৪% হারে অর্থায়ন !  
(এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ২৯/০৩/২০২১)

→ কৃষি পণ্য প্রক্রিয়াজাত করার জন্য (ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বাইরে) সর্বোচ্চ ৭% হারে অর্থায়ন!  
(এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯)

→ ইসলামী শরিয়াহ্ ভিত্তিক তহবিল হতে অর্থায়ন (কৃষিভিত্তিক শিল্প, ক্ষুদ্র উদ্যোগ এবং নতুন উদ্যোগের জন্য) !  
(এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯)

→ প্রতিটি ব্যাংক শাখা হতে প্রতি বছর কমপক্ষে তিন জন নতুন নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান এবং  
কমপক্ষে একজনকে অর্থায়ন ! (এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯)

→ বিস্তারিত তথ্যের জন্যঃ Website- <https://www.bb.org.bd/smeportal/index.php>



কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী (CMSME) উদ্যোগের সংজ্ঞা (জাতীয় শিল্পনীতি ২০১৬) ও সর্বোচ্চ ঋণসীমাঃ

উদ্যোগের ধরণ	শিল্প ব্যবসা	শিল্প উদ্যোগের ধরণ নির্ণয়ের মানদণ্ড (বড় নির্ণায়ক প্রযোজ্য হবে)		সর্বোচ্চ ঋণসীমা
		জমি এবং ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ মোট স্থায়ী সম্পদের মূল্য	শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত/কর্মরত জনবলের সংখ্যা	
কুটির শিল্প	উৎপাদনশীল শিল্প	১০ লক্ষ টাকার কম	পারিবারিক সদস্যসহ সর্বোচ্চ ১৫ জন	৳১৫ লক্ষ
মাইক্রো শিল্প	উৎপাদনশীল শিল্প	১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকার কম	১৬ থেকে ৩০ জন বা তার চেয়ে কম	৳১.০০ কোটি
	সেবা শিল্প	১০ লক্ষ টাকার কম	সর্বোচ্চ ১৫ জন	৳২৫ লক্ষ
	ট্রেডিং ব্যবসা	১০ লক্ষ টাকার কম	সর্বোচ্চ ১৫ জন	৳ ৫০ লক্ষ
ক্ষুদ্র শিল্প	উৎপাদনশীল শিল্প	৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকা	৩১ থেকে ১২০ জন	৳২০ কোটি
	সেবা শিল্প	১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার কম	১৬ থেকে ৫০ জন	৳৫ কোটি
	ট্রেডিং ব্যবসা	১০ লক্ষ টাকা হতে ২কোটি টাকা	১৬ থেকে ৫০ জন	৳৫ কোটি
	অথবা ব্যবসা প্রতিষ্ঠানের টার্নওভার/বার্ষিক লেনদেন এর পরিমাণ ২ কোটি টাকার অধিক কিন্তু ২০ কোটি টাকার বেশী নয়			
মাঝারী শিল্প	উৎপাদনশীল শিল্প	১৫ কোটি টাকার অধিক কিন্তু ৫০ কোটি টাকার বেশী নয়	১২১ থেকে ৩০০ জন; তবে তৈরী পোষাক শিল্প/শ্রমঘন শিল্প এর জন্য সর্বোচ্চ ১০০০ জন	৳৭৫ কোটি
	সেবা শিল্প	২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা	৫১ থেকে ১২০ জন	৳৫০ কোটি

সিএমএসএমই ঋণ বা ব্যাংকিং সেবা পেতে হয়রানির শিকার হলে বাংলাদেশ ব্যাংকের হটলাইন নম্বরে (১৬২৩৬) অথবা [bb.cipc@bb.org.bd](mailto:bb.cipc@bb.org.bd) বরাবরে ই-মেইলের মাধ্যমে অবহিত করুন।

প্রচারেঃ এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক